# সোয়াদ | □□d | ص

আয়াতঃ ৩৮ : ৮৭

## আরবি মূল আয়াত:

اِنۡ هُوَ اِلَّا ذِكۡرٌ لِّلۡعٰلَمِيۡنَ ﴿۸۷﴾

## অনুবাদসমূহ:

সৃষ্টিকুলের জন্য এ তো উপদেশ ছাড়া আর কিছু নয়। — আল-বায়ান

এটা তো বিশ্বজগতের জন্য কেবল উপদেশ বাণী। — তাইসিরুল

ইহাতো বিশ্বজগতের জন্য উপদেশ মাত্র। — মুজিবুর রহমান

It is but a reminder to the worlds. — Sahih International

৮৭. এ তো সৃষ্টিকুলের জন্য উপদেশ মাত্র।(১)

(১) অর্থাৎ এ কুরআন সৃষ্টিকুলের জন্য উপদেশ মাত্র। এটা জিন ও ইনসানকে তা স্মরণ করিয়ে দেয় যা তাদের দুনিয়া ও আখেরাতে কাজে আসে। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

(৮৭) এ (কুরআন) বিশ্বজগতের জন্য উপদেশ মাত্র। [1]

[1] অর্থাৎ, এই কুরআন বা অহী বা ঐ দাওয়াত যা আমি পেশ করছি, তা পৃথিবীর সকল মানুষ ও জ্বিন জাতির জন্য উপদেশ স্বরূপ; এই শর্তে যে, তা থেকে উপদেশ গ্রহণ করার ইচ্ছা থাকতে হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4057

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন